

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
+88-02-9511066, +8 8-02-9552323, www.most.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি


বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত

ঢাকা ২৮ মার্চ, ২০১৯;

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের ২০১৮-১৯ অর্থ বছরের ফেব্রুয়ারী পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি (এডিপি) পর্যালোচনা সভা আজ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। এতে বিজ্ঞান ও প্রযুক্তি সচিব মোঃ আনোয়ার হোসেন সভাপতিত্ব করেন।

তিনি বলেন, বর্তমান সরকার বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে দেশের উন্নয়নে বদ্ধপরিকর। সেই ধারাবাহিকতায় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহকে সরকারি অর্থের সর্বোচ্চ সংব্যহার করে যথা সময়ের মধ্যে শেষ করার জন্য আহ্বান জানান। সভায় জানানো হয় যে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত মোট ২৯টি প্রকল্পের আওতায় ফেব্রুয়ারি ২০১৯ পর্যন্ত আর্থিক অগ্রগতির হার ৬৬.১২%। একই সময়ে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের আর্থিক অগ্রগতি ৬৭.৬৭%।

উক্ত সভায় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, মন্ত্রণালয়ের প্রশাসনাধীন সংস্থা প্রধানগণ এবং প্রকল্প পরিচালকগণ উপস্থিত ছিলেন।


(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ) / 📠 ০১৭১১-৮১৫৮৮১

E-mail: pro@most.gov.bd

royv047@gmail.com